দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 31 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 2

14

৩১

# পরীক্ষা পিছানোর দাবীতে পলিটেকনিক ইনষ্টিটিউটে ভাঙচুর

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার সকালে ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটের চূড়ান্ত বর্ষের কতিপয় ছাত্র ইনষ্টিটিউট ও শিক্ষক সমিতির কার্যালয়ে ব্যাপক ভাঙচুর করেছে বলে জানা গেছে। আগামী ১২ই জুন অনুষ্ঠেয় ফাইনাল

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## পরীক্ষা পিছানোর দাবীতে

(১ম পাতার পর)

পরীক্ষার তারিখ পিছানো এবং ছাত্রদের প্রণীত রুটিন অনুযায়ী পরীক্ষা গ্রহণের দাবীতে এসব ছাত্র এই ধ্বংসাত্মক কার্যকলাপ চালিয়েছে বলে জানা গেছে।

ছাত্রদের ইনষ্টিটিউট ও শিক্ষক সমিতির কার্যালয়ে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বলে শিক্ষকদের পক্ষ থেকে দাবী করা হয়েছে।

পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কেউ গ্রেফতার হয়নি বলে পুলিশ জানিয়েছে।

ঘটনার বিবরণে জানা গেছে যে, সকাল প্রায় ৯টায় একদল ছাত্র ঢাকা পলিটেকনিকস্থ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে হামলা চালায়। তারা কার্যালয়ের আসবাবপত্র ভাঙচুর করে। ৫/৬টি আলমারি ভেঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র বই বের করে তাতে অগ্নিসংযোগ করা হয়। মূল্যবান মালামালও লুট করে নেয়া হয়েছে। এরপর তারা শিক্ষক সমিতির সভাপতি খন্দকার শাহাবউদ্দীন মাহমুদ ও সাধারণ সম্পাদক শামসুর রহমান, সহ-অধ্যাপক, উপাধ্যক্ষ, বিভাগীয় প্রধান পুরকৌশল, কেমিকৌশল, বিদ্যুৎ কৌশল, শক্তি কৌশলের অফিস চেম্বারে ঢুকে ব্যাপক ক্ষতি সাধন এবং ইনষ্টিটিউটের বিভিন্ন শ্রেণীকক্ষের প্রায় ১শ' দরজা-জানালা ভাঙচুর করেছে।

অত:পর এসব ছাত্র আগামী ২৪শে জুলাই পরীক্ষা অনুষ্ঠানের দাবী জানিয়ে বিভিন্ন ধরনের শ্লোগানসহ ক্যাম্পাসে মিছিল করে চলে যায়।

এই পরিস্থিতিতে ঢাকা পলিটেকনিক শিক্ষক সমিতি আজ বুধবার সকাল ১০টায় শিক্ষকদের এক জরুরী সাধারণ সভা আহ্বান করেছে।